ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৯৯

অমরপুর, ১৮ অক্টোবর, ২০২৫

**অমরপুরে বাল্যবিবাহ রোধে বিশেষ অনুষ্ঠান আয়োজিত**

সমাজে লিঙ্গ বৈষম্যের কারণে মাতৃ গর্ভে কন্যা ভ্রুণ হত্যা এবং বাল্য বিবাহের জন্য অনেক মেয়েদের জীবনের দ্বীপ নিভে যায়। সেই অগণিত মেয়েদের প্রতি শ্রদ্ধা জানিয়ে গতকাল অমরপুর ব্লকে তিন হাজার মাটির প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে দীপাবলির প্রাক মুহুর্তে এক বিশেষ অনুষ্ঠান আয়োজিত হয়। মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলন করে অনুষ্ঠানের সূচনা করেন বিধায়ক রঞ্জিত দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক ও সমাহর্তা সুভাষ আচার্য অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস, অমরপুর বিএসি'র চেয়ারম্যান রবিত্র জমাতিয়া প্রমুখ। উদ্বোধকের ভাষণে বিধায়ক রঞ্জিত দাস বলেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির চিন্তা ভাবনাকে গুরুত্ব দিয়ে স্বদেশী ভাবনার কথা মাথায় রেখে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। তিনি নীতিও স্বচ্ছতা বজায় রেখে সকল কর্মচারিগণকে উন্নয়ণমূলক কাজ করার জন্য আহ্বান জানান। অনুষ্ঠানে বাল্যবিবাহ প্রতিরোধের বিষয়ে নাটক মঞ্চস্থ করা হয়। এছাড়া সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়। স্বাগত বক্তব্য রাখেন অমরপুর ব্লকের বি ডি ও উৎপল দাস। তাছাড়া টি আর এল এম-এর দিদিদের সাফল্যের কাহিনী বিষয়ে মতবিনিময় করা হয়।

*****